রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/১৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ৩১৩-আইন/২০২৩**।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ‘হোসিয়ারী’ শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলদ্বয়ে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**

শ্রমিকের নিম্নতম মজুরী হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **দক্ষ :**<br>১। সিনিয়র বডি মেশিনম্যান<br>২। সিনিয়র ফিটার/ মিস্ত্রী | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১২০০/- | ৮০০/- | ২০৭৫০/- |



**মূল্য :** টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৩। সিনিয়র কাটিংম্যান<br>৪। সিনিয়র ওভারলকম্যান<br>৫। সিনিয়র চেইনম্যান<br>৬। সিনিয়র নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৭। সিনিয়র ইস্ত্রিম্যান<br>৮। সিনিয়র ফ্লাটলকম্যান<br>৯। সিনিয়র দর্জিম্যান/দর্জি কাটিংম্যান<br>১০। সিনিয়র কলারম্যান/ মোজাম্যান<br>১১। সিনিয়র হীট মেশিনম্যান<br>১২। সিনিয়র কোনিংম্যান | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৫০০০/- | ১২০০/- | ৮০০/- | ১৯৫০০/- |
| ২। | **আধা-দক্ষ:**<br>১। জুনিয়র বডি মেশিনম্যান<br>২। জুনিয়র ক্যালেন্ডারম্যান<br>৩। জুনিয়র চেক মেন্ডিংম্যান<br>৪। জুনিয়র রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। জুনিয়র নেক কাটিংম্যান ও জুনিয়র আস্তিনম্যান<br>৬। জুনিয়র কাটিংম্যান<br>৭। জুনিয়র ওভারলকম্যান<br>৮। জুনিয়র চেইনম্যান<br>৯। জুনিয়র ফ্লাটলকম্যান<br>১০। জুনিয়র ইস্ত্রিম্যান<br>১১। জুনিয়র হিট মেশিনম্যান<br>১২। জুনিয়র কোনিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৮০০/- | ৪৪০০/- | ১২০০/- | ৮০০/- | ১৫২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৮০০/- | ৩৫২০/- | ১২০০/- | ৮০০/- | ১৪৩২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **অদক্ষ :**<br>১। সহকারী বডি মেশিনম্যান<br>২। সহকারী ক্যালেন্ডারম্যান<br>৩। সহকারী চেক মেন্ডিংম্যান<br>৪। সহকারী রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। সহকারী নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৬। সহকারী কাটিংম্যান<br>৭। সহকারী ওভারলকম্যান<br>৮। সহকারী চেইনম্যান<br>৯। সহকারী ফ্লাটলকম্যান<br>১০। সহকারী ইস্ত্রিম্যান<br>১১। সহকারী কোনিংম্যান<br>১২। সহকারী হিট মেশিনম্যান<br>১৩। সহকারী রিব কাটিংম্যান (হাতে)<br>১৪। সহকারী কান্দি সেলাইম্যান<br>১৫। সহকারী প্যাকার<br>১৬। সহকারী টিকেটম্যান<br>১৭। সহকারী হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭২০০/- | ৩৬০০/- | ১২০০/- | ৮০০/- | ১২৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭২০০/- | ২৮৮০/- | ১২০০/- | ৮০০/- | ১২০৮০/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন;

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯০০০/- (নয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

**তফসিল-খ**

কর্মচারীর নিম্নতম মজুরী হার

| ক্রমিক নম্বর | কর্মচারী পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। হিসাব সহকারী<br>২। স্টোর কিপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১২০০/- | ৮০০/- | ২০৭৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৫০০০/- | ১২০০/- | ৮০০/- | ১৯৫০০/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। স্টোর সহকারী<br>২। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। ড্রাইভার<br>৫। ক্যাশিয়ার<br>৬। সেলসম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৮০০/- | ৪৪০০/- | ১২০০/- | ৮০০/- | ১৫২০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৮০০/- | ৩৫২০/- | ১২০০/- | ৮০০/- | ১৪৩২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। পিয়ন/দপ্তরী<br>২। দারোয়ান<br>৩। পাহারাদার<br>৪। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭২০০/- | ৩৬০০/- | ১২০০/- | ৮০০/- | ১২৮০০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭২০০/- | ২৮৮০/- | ১২০০/- | ৮০০/- | ১২০৮০/- |

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস :

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯০০০ (নয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ‘হোসিয়ারী’ শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত মজুরী মাসিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায় দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিক ও কর্মচারীর জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিক ও কর্মচারীকে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরিউক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১০। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতা ব্যতীত শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী সমন্বয় করিয়া ১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিক ও কর্মচারীর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা** : যদি একজন শ্রমিকের মূল মজুরী ৭২০০/- (সাত হাজার দুইশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৭৫৬০/- (সাত হাজার পাঁচশত ষাট) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরী ৭৫৬০/- (সাত হাজার পাঁচশত ষাট) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭৯৩৮/- (সাত হাজার নয়শত আটত্রিশ) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd